



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৭৬৭

তারিখঃ ১০/০২/২০১৫ইং


প্রেস বিজ্ঞপ্তি

৫৩৮ তম কমিশন সভা অদ্য ১০/০২/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় Tosrifa Industries Limited এর প্রতিটি শেয়ার ২৬.০০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ার ১৬ টাকা প্রিমিয়ামসহ) দরে ২,৪৫,৬৬,২০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৬৩,৮৭,২১,২০০/- টাকা পুঁজি উত্তোলন করে Ongoing and Expansion Project এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৪৯ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV with revaluation) ৩৪.৪১ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited।
২. সভায় Paper Processing and Packaging Limited কর্তৃক বিদ্যমান শেয়ারহোল্ডারদের বাইরে (other than existing shareholder) শেয়ার ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন বৃদ্ধির প্রস্তাব অনুমোদন প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. স্টক ব্রোকার/স্টক ডিলার Joytun Securities International Limited (DSE TREC No. 148) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক) জুন ৩০, ২০১৩ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী Consolidated Customer Account-এ ৫,০৪,৪১,৫৬৭ টাকা ঘাটতির (deficit) মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ও ৬ লংঘন;
 - খ) গত ১২.০৮.১৩ইং তারিখে লংকাবাংলা, ১৪.০৮.১৩ইং তারিখে আরগন ডেনিম, ০৮.০৯.১৩ইং তারিখে বংগজ, ১৩.০৯.১৩ইং তারিখে জনতা ইন্স্যুরেন্স ও ২৫.০৮.১৩ইং তারিখে ফুওয়াং ফুড এর শেয়ার Short Sale করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) লংঘন;
 - গ) "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
 - ঘ) Margin Rules, 1999 এর Rule 3 এবং Rule 8(1)(ccc) ভঙ্গ করে margin agreement ব্যতীত কতিপয় গ্রাহকগণকে মার্জিন সুবিধা প্রদান; এবং
 - ঙ) কোম্পানীর পরিচালক -কে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Joytun Securities International Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. কমিশন BLI Capital Limited কর্তৃক "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার বিষয়টি সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা উদ্ঘাটন করেন। পরবর্তীতে কমিশনের সার্ভেইল্যান্স বিভাগ বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করে। এনফোর্সমেন্ট বিভাগের কার্যক্রম সমাপান্তে আজকের সভায় BLI Capital Limited কে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘনের জন্য সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।


২০/০২/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র